

আজকে এই একবিংশ শতকে দাঁড়িয়ে আজও অত্যন্ত দূততার সাথে বলা যায় যে কাজী নজরুল ইসলাম আধুনিক বাংলা কবিতার তথা বাংলা সাহিত্যের একজন দিক নির্নায়ক কবি, চিত্রকল্পের কবি, বর্ণিল কবি, বর্ণবিভার কবি, আর শব্দবৈচিত্রের কবি। বিদ্রোহী তিলক ধারণ করেও তিনি একজন প্রেমের কবি, মানবতার কবি, অসাম্প্রদায়িকতার বিরুদ্ধে সোচ্চার কবি। তাঁর কবিতা এখনো সমসাময়িক, আধুনিক, আবেগময় ও অর্থবহল।



বাঙালির আপন মানুষ কাজী নজরুল ইসলাম, আমাদের জাতীয় কবি। আমাদের সমাজে যা কিছু জীর্ণ, প্রাচীন তাকে বিদায় করে নতুনের জয়ধ্বনি করাই ছিল তাঁর স্বভাব। আমাদের মুক্তিযুদ্ধে তাঁর গান আমাদেরকে অনুপ্রাণিত করেছে, উজ্জীবিত করেছে। সমকালীন বাংলাদেশের প্রেক্ষিতে, কুসংস্কার, শোষণ আর মৌলবাদের বিরুদ্ধে তাঁর কবিতা খুব বেশী প্রাসঙ্গিক বলে মনে হয়।

দ্রোহ,সাম্য আর মানবতার কবি নজরুলকে বিনম্র শ্রদ্ধা জানাতে প্রতীতির প্রয়াস সঙ্গীতানুষ্ঠান -

'জাগো অমৃত পিয়াসী'

অনুষ্ঠানে প্রতীতির পরিবেশনা ছাড়াও বিশেষ আকর্ষণ হিসেবে থাকছে বাংলাদেশ থেকে আগত দুই প্রথিতযশা নজরুল সংগীত শিল্পী **খায়রুল আনাম শাকিল ও মাসুদা আনাম কল্পনা**



প্রতীতির এই আয়োজনে আপনাদের অংশগ্রহণ আমাদের শুধু কৃতার্থই করবে না, আপনিও আন্দোলিত হবেন কবি নজরুলের কালজয়ী সব গানে, কবিতায় আর কথায়।

২৩শে জুলাই, শনিবার সন্ধ্যা ৬:০০টায়

Dundas West Uniting Church
143 Kissing Point Rd, Dundas

প্রবেশ মূল্য: ২০ ও ১০ ডলার

আসনসংখ্যা সীমিত, অনুগ্রহ করে আগেই আপনার আসন সংগ্রহ করে রাখুন।

স্বল্পমূল্যে রাতের খাবারের ব্যবস্থা থাকবে।

যোগাযোগ:

সিরাজুস সালেকিন: ০৪২১ ০৪০ ৫৪০

রাফিউল ইসলাম: ০৪২৫ ২৮৬ ৯৩৬

নাজমুল খান: ০৪৩০ ৫০৯ ৫৯৮



প্রতীতি